



# পাঠ্যবইয়ের মান ও সহায়কের বাণিজ্য উদ্বেগ শিক্ষা উপমন্ত্রীর

প্রকাশিত: ১৪ - অক্টোবর, ২০১৯ ১২:০০ এ. এম.

- এডুকেশন ওয়াচ রিপোর্ট

স্টাফ রিপোর্টার || পাঠ্যবইয়ের মান ও সহায়ক বইয়ের বাণিজ্য নিয়ে উদ্বেগের কথা জানালেন শিক্ষা উপমন্ত্রী মহিবুল হাসান চৌধুরী। তিনি বলেছেন, বিদ্যালয়ের শিক্ষার্থীদের পাঠ্যবইয়ে যে সমস্যাগুলো রয়েছে তা শিক্ষার্থীর একার পক্ষে ৫ থেকে ৭ শতাংশের বেশি সমাধান করা সম্ভব নয়। এ জন্য তাদের পুরোপুরিভাবেই শিক্ষকের ওপর নির্ভর করতে হয়। কিন্তু বিদ্যালয়ে শিক্ষার্থীদের অনেকাংশে না শিখিয়ে অনেকেই এই সুযোগ ব্যবহার করেই আলাদাভাবে শিক্ষার্থীদের পড়ানো এবং সহায়ক গ্রন্থগুলো তাদের বাণিজ্য কার্যক্রম শুরু করেন।

রবিবার রাজধানীর আগারগাঁওয়ের এলজিআরডি ভবনে অনুষ্ঠিত এডুকেশন ওয়াচ রিপোর্ট ২০১৮-১৯'র একটি গবেষণা ফলাফল প্রকাশনা উৎসবে তিনি এ মন্তব্য করেন। বাংলাদেশে এসডিজি বাস্তবায়নে মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষকদের ভূমিকা' শীর্ষক এ গবেষণাটি করেছে গণস্বাক্ষরতা অভিযান। গণস্বাক্ষরতা অভিযানের নির্বাহী পরিচালক এবং তত্ত্বাবধায়ক সরকারের সাবেক উপদেষ্টা রাশেদা কে চৌধুরীর সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন গণস্বাক্ষরতা অভিযানের ভাইস চেয়ারম্যান ড. মনজুর আহমেদ। ছিলেন প্রধানমন্ত্রীর কার্যালয়েন এসডিজি বাস্তবায়ন বিষয়ক মুখ্য সচিব আবুল কালাম আজাদ ছাড়াও শিক্ষাবিদ ও শিক্ষক নেতারা।

**সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক:** মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কত্তক গ্লোব জনকঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডি.এ. ৭৯৬। কার্যালয়: জনকঠ ভবন, ২৪/ এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইঙ্কাটন, জিপিও বাস্ক: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯২৪৭৭৮০-৯৯ (অটোহান্টিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯২৫১৩১৭, ৮৩১৬৩০৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) || Copyright ® All rights reserved by dailyjanakantha.com

Developed By  
**Bikiran.Com**